

## ■ সুনান আত তিরমিজী (তাহকীকৃত)

হাদিস নাম্বারঃ ৩৪

১/ পবিত্রতা রাসূলুল্লাহ ﷺ হতে (كتاب الطهارة عن رسول الله ﷺ) (كتاب الطهارة عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ ২৬. একবার মাথা মাসিহ করা

আরবী

حَدَّثَنَا قَتِيْبَةُ، حَدَّثَنَا بَكْرُ بْنُ مُضْرَبَ، عَنْ أَبْنِ عَجْلَانَ، عَنْ عَبْدِ اللَّهِ بْنِ مُحَمَّدِ بْنِ عَقِيلٍ، عَنِ الرُّبِيعِ بْنِ مُعَوْذِ بْنِ عَفْرَاءَ، أَنَّهَا رَأَتِ النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَتَوَضَّأُ قَالَتْ مَسَحَ رَأْسَهُ وَمَسَحَ مَا أَقْبَلَ مِنْهُ وَمَا أَدْبَرَ وَصُدْغَيْهُ وَأَذْنَيْهِ مَرَّةً وَاحِدَةً" . قَالَ وَفِي الْبَابِ عَنْ عَلَيِّ وَجَدَ طَلْحَةَ بْنِ مُصَرْفَ بْنِ عَمْرُو . قَالَ أَبُو عِيسَى وَحَدِيثُ الرُّبِيعِ حَدِيثٌ حَسَنٌ صَحِيْحٌ . وَقَدْ رُوِيَ مِنْ غَيْرِ وَجْهٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنَّهُ مَسَحَ بِرَأْسِهِ مَرَّةً . وَالْعَمَلُ عَلَى هَذَا عِنْدَ أَكْثَرِ أَهْلِ الْعِلْمِ مِنْ أَصْحَابِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَمَنْ بَعْدَهُمْ . وَيَقُولُ جَعْفُرُ بْنُ مُحَمَّدٍ وَسُفِيَّانُ الثُّوْرِيُّ وَابْنُ الْمُبَارَكِ وَالشَّافِعِيُّ وَأَحْمَدُ وَإِسْحَاقُ رَأَوَا مَسَحَ الرَّأْسِ مَرَّةً وَاحِدَةً . حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ مَنْصُورٍ الْمَكِيُّ قَالَ سَمِعْتُ سُفِيَّانَ بْنَ عُيَيْنَةَ يَقُولُ سَأَلْتُ جَعْفَرَ بْنَ مُحَمَّدٍ عَنْ مَسَحِ الرَّأْسِ أَيْجِزُ مَرَّةً فَقَالَ إِيَّ وَاللَّهِ .

বাংলা

৩৪। রূবাই বিনতু মু'আকিবিয ইবনি আফরাআ (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে ওযু করতে দেখলেন। তিনি বলেন, তিনি (নবী) মাথার সামনের দিক, পেছনের দিক (সমুদয় মাথা) এবং দুই কানের ভেতর ও বাহির একবার করে মাসিহ করলেন। —হাসান।

এ অনুচ্ছেদে আলী (রাঃ) ও তালহা ইবনু মুসাররিফ ইবনি আমরের দাদার সূত্রে বর্ণিত হাদীসও রয়েছে। আবু উসাই বলেনঃ রূবাই হতে বর্ণিত হাদীস হাসান সহীহ। একাধিক বর্ণনায় আছে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম একবার মাথা মাসিহ করেছেন।

বেশিরভাগ সাহাবা ও তাবিঙ্গেন একবারই মাথা মাসিহ করার পক্ষে মত দিয়েছেন। বেশিরভাগ ইমামেরও এই মত। যেমন জাফর ইবনু মুহাম্মাদ, সুফিয়ান সাওরী, ইবনুল মুবারাক, শাফিউ, আহমাদ ইবনু হাস্বল ও ইসহাক একবার মাথা মাসিহ করার কথা বলেছেন।

মুহাম্মাদ ইবনু মানসূর মাক্কী বলেন, আমি সুফিয়ান ইবনু উআইনাকে বলতে শুনেছিঃ আমি জাফর ইবনু মুহাম্মাদকে প্রশ্ন করলাম, একবার মাথা মাসিহ করা যথেষ্ট কিনা? তিনি বললেনঃ হ্যাঁ, আল্লাহ তা'আলার শপথ! একবারই যথেষ্ট।

## English

Ar-Rubayy bint Mu'awidh bin Afra narrated that :  
she saw the Prophet performing Wudu. She said: "He wiped his head, and what is in the front of it and what is in its rear, and his temples and his ears one time."

হাদিসের মান: হাসান (Hasan) পুঁঁচনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী □ বর্ণনাকারীঃ রফিয়া বিনতু মু'আবিরয (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=39072>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন